



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নম্বর ০৫/কল/বিজ্ঞপ্তি/০১/২১৫

তারিখ ২০/১১/২৪

বিষয়: বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ গঠনে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

- সূত্র : ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫২, তারিখ-১৮/১১/২০২৪।
২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩, তারিখ-১৮/১১/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্র-১ পত্রমূলে, বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির প্রবিধানমালা, ২০২৪ এর প্রবিধি-৬৪(৩) এর 'স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে' শব্দাবলির কার্যকরিতা সম্ভব নয়। উক্ত প্রবিধানমালার প্রবিধি ৭৫ এর ক্ষমতাবলে প্রবিধি ৬৪ (৩) এর উক্ত শব্দাবলির স্থলে নিম্নরূপ শব্দাবলি প্রতিস্থাপন কর হলো:

বিদ্যমান শব্দাবলি	প্রতিস্থাপিত শব্দাবলি
৬৪(৩)-সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকা সহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।	৬৪(৩)-সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকা সহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।


সূত্র-২ পত্রমূলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২৪ এর প্রবিধি ৬৪ এর আওতায় এডহক কমিটি গঠন পূর্বক উক্ত এডহক কমিটি কর্তৃক পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বিদ্যমান কমিটি সমূহের ক্ষেত্রেও এই বিজ্ঞপ্তি প্রযোজ্য হবে, তবে সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


মো: এনামুল হক

আইডি নং-০১৫২৫৮

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

